সংযুক্তি-১.৬

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২২) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অনলাইন সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | : | ৩০-০৩-২০২২ |
| সভার সময় | : | বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | : | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | : | রেকর্ডেড |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২২) লক্ষ্যমাত্রা ও অর্জনসমূহ সভায় তুলে ধরেন।

২। পরবর্তীতে, সভাপতি উপস্থিত অংশীজনদের মধ্য হতে তাদের বক্তব্য ও মতামত পেশ করার আহবান জানালে বিজিএফসিএল-এর মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) বিতরন কোম্পানিসমূহের বিবরনীর সাথে জিটিসিএল কর্তৃক প্রণীত বিবরণীর অসামঞ্জস্যতার বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, তারা জিটিসিএল-কে যে পরিমান গ্যাস সরবরাহ করে সে তুলনায় বিতরণ কোম্পানিসমূহ তাদের বিবরণীতে কম দেখানোর ফলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। ২০১৮ সালের সেপ্টেম্বর মাসের পর হতে তারা এ ধরণের সমস্যার মুখোমুখি হচ্ছেন বলে তিনি জানান। এ প্রসঙ্গে সভাপতি বলেন বিবরণী প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে জিটিসিএল-কে সরকারী গাইডলাইন অনুসরন করতে হয় বিধায় জিটিসিএল-এর পক্ষে অসামাঞ্জস্য বিবরণী প্রস্তুতের কোন অবকাশ নেই। এছাড়া উচ্চচাপে গ্যাস সঞ্চালিত হওয়ায় জিটিসিএল-এর সিস্টেম লস হওয়ার সম্ভাবনা নেই। সঞ্চালন বিবরণী ও বিতরণ বিবরণীতে প্রদর্শিত অসামঞ্জস্যতার বিষয়টি নিয়ে পেট্রোবাংলা পর্যায়ে কমিটি হয়েছে এবং একাধিক সভা হয়েছে, শীঘ্রই এ বিষয়ে একটি সুষ্ঠু সমাধান হবে বলে তিনি উপস্থিত সকলকে আশ্বস্থ করেন।

এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), পেট্রোবাংলা বলেন, ২% এর বেশী সিস্টেম লস হলে বিষয়টি উদ্বেগজনক। তিনি পেট্রোবাংলার মাধ্যমে বিষয়টি সুরাহা করার জন্য পরামর্শ প্রদান করেন।

২। বিজিএফসিএল-এর মহাব্যবস্থাপক (অপারেশন) বিভিন্ন কারণে গ্যাসের Consumption কমে যাওয়ার ফলে লাইন প্রেসার কমে যাওয়া এবং সেক্ষেত্রে সঞ্চালন গ্রীডে গ্যাস সরবরাহের ক্ষেত্রে উদ্ভুত সমস্যার বিষয়ে আলোকপাত করেন। তিনি ঈদের সময় এ সংক্রান্ত মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য অনুরাধ জানান। এছাড়া তিনি বিতরন কোম্পানিসমূহের বিবরনীর সাথে জিটিসিএল কর্তৃক প্রণীত বিবরণীর অসামঞ্জস্যতার কারণে বিজিএফসিএল-এর আর্থিক ক্ষতির বিষয়ে কোন অগ্রগতি রয়েছে কি-না তা সভাপতির নিকট জানতে চান। সভাপতি বলেন উদ্ভুত সঙ্কট নিরসনে জিটিসিএলসহ ৬টি বিতরণ কোম্পানির সাথে পেট্রোবাংলা সভা করেছে এবং জিটিসিএল-এর কাছে চাহিত তথ্যাদি ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে আরও একটি সভা হওয়ার পর প্রডাকশন কোম্পানিগুলোর সাথে সভা করার সম্ভাবনা রয়েছে বলে তিনি মনে করেন। তিনি বিজিএফসিএল-এর বিদ্যমান কূপগুলোতে Oil Head Pressure সঠিক মাত্রায় রাখার জন্য প্রয়োজনীয় কারিগরী উন্নয়নের পরামর্শ প্রদান করেন।

৩। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা কোম্পানি পর্যায়ে গৃহীত শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক দূর্ণীতি প্রতিরোধ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে সভাপতি বলেন টয়লেট ব্যবস্থাপনার জন্য অস্থায়ী ক্লিনারদের কার্যক্রম মনিটরিং করার জন্য জিটিসিএল-এর স্থায়ী কর্মকর্তাগণ নিযুক্ত রয়েছে। প্রতিটি ফ্লোরের ওয়াসরুমের লাইট অযথা জ্বালানো রয়েছে কি-না তা সার্বক্ষণিক মনিটরিং করা হয়। এছাড়া অফিস হতে প্রস্থানের সময় প্রতিটি কক্ষের লাইট, ফ্যান, এসি বন্ধ করার জন্য পি-এ সিস্টেমের মাধ্যমে নিয়মিত ঘোষনা দেওয়া হয়। কোন কর্মকর্তার কক্ষে অফিস ত্যাগের পর লাইট, ফ্যান, এসি চালু থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়।

৪। উপ-মহাব্যবস্থাপক (এইচ আর), সুন্দরবন গ্যাস কোম্পানি বলেন এ ধরনের অংশীজনের সভা আয়োজনের ফলে পারস্পারিক সম্পর্ক উন্নয়নসহ বিভিন্ন সমস্যার সমাধান হচ্ছে। তিনি জানান ভেড়ামারা ৪১০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রে আরএমএস এ কম্পিউটারের মাধ্যমে গ্যাস ফ্লো মিটারিং করা হয় বিধায় সিস্টেম লসের সম্ভবনা কম। কিন্তু জিটিসিএল-এর বিবরণীতে সিস্টেম লস দেখানো হচ্ছে। এ বিষয়ে সভাপতি বলেন বিজিএফসিএলও একই ধরনের সমস্যার কথা উল্লেখ করেছে এবং মন্ত্রণালয় ও পেট্রোবাংলার হস্তক্ষেপে দ্রুত এ সমস্যার সমাধান হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট), জিটিসিএল বলেন, ভেড়ামারাসহ জিটিসিএল-এর যেসকল স্থাপনা থেকে গ্যাস সরবরাহ করা হয় সেখানে যৌথ Calibration সম্পন্ন করা হয় এবং পাশাপাশি স্থাপনার ওরিফিস মিটার চেক করা হয় বিধায় সিস্টেম লসের সম্ভাবনা কম।

মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট), জিটিসিএল বলেন, এ ধরণের অংশীজনের সভা আয়োজন একটি প্রশংসনীয় উদ্যোগ এবং প্রতি সভায় আন্ত:কোম্পানির মিথস্ক্রিয়ার ফলে অনেক সমস্যার সমাধান হচ্ছে। অন্যান্যদের অভিজ্ঞতা থেকে আমরা নিজেদেরকে সমৃদ্ধ করতে পারি।

মহাব্যবস্থাপক (হিসাব) জানান, আর্থিকভাবে জিটিসিএল এখন বিভিন্ন সমস্যায় রয়েছে, হুইলিং চার্জ সঠিকভাবে সময়মতো না পাওয়ায় ডিএসএল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। তিনি সংশ্লিষ্ট সকলকে জিটিসিএল-এর বকেয়া পাওনা সময়মতো পরিশোধ করার জন্য অনুরোধ জানান।

৫। মহাব্যবস্থাপক (কম্প্রেসর), জিটিসিএল বলেন, ডাউনস্ট্রিমে অবস্থিত বিতরন কোম্পানি (সুন্দরবন, তিতাস ও পশ্চিমাঞ্চল) এ কাঙ্খিত চাপে গ্যাস সরবরাহ করতে হলে কম্প্রেসর পরিচালনা করা জরুরী। কম্প্রেসর-এর জন্য পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় অত্যন্ত বেশী এবং এখান থেকে আয় নগন্য। মহাব্যবস্থাপক (হিসাব)-এর ধারাবাহিকতায় তিনি বলেন, আমাদের ব্যয়ের অন্যতম খাত হলো কম্প্রেসর পরিচালনা, প্রকল্প বাস্তবায়নে অর্থায়ন ও নিয়মিত ডিএসএল পরিশোধ করা। এ সকল ব্যয় নির্বাহপূর্বক সেবা সঠিকভাবে সেবা প্রদানের লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলকে জিটিসিএল-এর বকেয়া পাওনা সময়মতো পরিশোধ করার আহবান জানান।

৬। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ও লক্ষ্যমাত্রা অর্জনে নৈতিকতা কমিটি সর্বদা তৎপরতার সাথে নিয়মিত মনিটরিং করবে।

খ) কোম্পানি পর্যায়ে দেনা-পাওনা হালনাগাদকরণে অর্থ ও হিসাব বিভাগ তৎপর থাকবে।

গ) সংশ্লিষ্ট ডিভিশনসমূহের মনিটরিং-এ জিটিসিএল ও বিতরন কোম্পানিসমূহের সিস্টেম লস সমস্যা সমাধানে মন্ত্রণালয় ও পেট্রোবাংলার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

ঘ) টয়লেট ব্যবস্থাপনা ও পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/৪/২০২২

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

<u>বিতরণ</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১)পরিচালক (প্রশাসন), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৭) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৮) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
৯) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
১০) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১১) পরিচালক, অপারেশন ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১২) মহা-ব্যবস্থাপক, ট্রান্সমিশন ডিভিশন (ওয়েস্ট), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৩) মহা-ব্যবস্থাপক, ট্রান্সমিশন ডিভিশন (ইস্ট), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৪) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
১৫) মহা-ব্যবস্থাপক, প্লানিং ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৬) মহা-ব্যবস্থাপক, এইচ আর ডিভিশন ও টিম লিডার, এপিএ টিম, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৭) মহা-ব্যবস্থাপক, জেনারেল সার্ভিসেস ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৮) পরিচালক (রুটিন দায়িত্ব), ফাইন্যান্স ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(জিটিসিএল)
১৯) উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার বাস্তবায়ন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
২০) উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) ও সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, এপিএ টিম, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
২১) উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
২২) উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
২৩) উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) ও ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার বাস্তবায়ন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

<u>অনুলিপিঃ</u>
১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল।– কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।
২। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
৩। অফিস কপি।